

DETROIT PUBLIC SCHOOLS COMMUNITY DISTRICT

স্বৈচ্ছাসেবক / অংশীদারিত্ব সংক্রান্ত রিলিজ ও দায়মুক্তি

স্বৈচ্ছাসেবকের নাম: _____

স্কুল: _____

আমি অবগত আছি যে, স্বৈচ্ছাসেবক হিসেবে আমি উপরে উল্লেখিত সংস্থার প্রতিনিধিত্ব করছি। আমি এই পদমর্যাদার সকল দায়দায়িত্ব গ্রহণ করছি এবং পেশাদারিত্বের সাথে নিজেকে পরিচালিত করবো। DPSCD-এর প্রতিনিধি হিসেবে ব্যবসায়ীদের সাথে সাফল্যের সময় আমি পরিষ্কার-পরিচ্ছন্ন থাকবো এবং সংযত আচরণ করবো। আমি অবাধে, স্বৈচ্ছায় ও ভয়ের বশবর্তী না হয়ে, এই অব্যাহতি কার্যকর করছি এবং নিম্নলিখিত শর্তাবলী মেনে নিচ্ছি:

- দায়মুক্তি ও অব্যাহতি।** আমি এতদ্বারা আইনি বা সমতার ভিত্তিতে DPS কে দেওয়া আমার পরিষেবা থেকে উদ্ধৃত বা উদ্ধৃত হতে পারে এমন যেকোনো এবং সকল ধরনের দায়, দাবী-দাওয়া থেকে DPSCD, এর উত্তরাধিকারী এবং নিয়োগকৃত ব্যক্তি, অফিসার, কর্মকর্তা এবং প্রতিনিধিগণকে অব্যাহতি, পরিত্যাগ, চিরতরে মুক্তি দিচ্ছি এবং সম্মতি জ্ঞাপন করছি যে আমি তাদের বিরুদ্ধে কোনো মামলা করবো না। আমি অবগত আছি এবং স্বীকার করছি যে, এই অব্যাহতি DPSCD কে যেকোনো দায় বা DPSCD-কে দেওয়া আমার পরিষেবা থেকে উদ্ধৃত বা স্বৈচ্ছাসেবা প্রদানকালে সংঘটিত শারীরিক আঘাত, ব্যক্তিগত আঘাত, অসুস্থতা, মৃত্যু, বা সম্পদের ক্ষয়ক্ষতি সংক্রান্ত DPSCD-এর কাছে আমার যেকোনো দাবী থেকে মুক্তি প্রদান করবে। আমি এতদ্বারা, একজন স্বৈচ্ছাসেবক হিসেবে আমার কার্যক্রম এর সাথে সম্পর্কিত যে কোন ঘটনায় যেকোনোভাবে উদ্ধৃত কোনো ব্যক্তি বা সবার সকল লোকসান, আঘাত, মৃত্যু বা ক্ষয়ক্ষতির জন্য, যেকোন এবং সমস্ত দাবী-দাওয়া থেকে নিরীহ, DPSCD, এর কর্মকর্তা, কর্মচারী এবং প্রতিনিধিকে ক্ষতিপূরণ এবং সুরক্ষা দিতে অস্বীকার এবং সম্মতি জ্ঞাপন করছি।
- মেডিকেল চিকিৎসা** আমি এতদ্বারা, DPSCD-এর সঙ্গে স্বৈচ্ছাসেবক হিসেবে থাকাকালীন সময়ে জরুরী পরিস্থিতিতে প্রদত্ত কোন প্রাথমিক চিকিৎসা বা অন্যান্য চিকিৎসা সেবা থেকে উদ্ধৃত বা ভবিষ্যতে উদ্ধৃত হতে পারে এমন যেকোনো ধরনের ক্ষতিপূরণের দাবি থেকে DPSCD-কে অব্যাহতি এবং চিরতরে দায়মুক্তি দিচ্ছি। আমি অবগত আছি যে, আমি শ্রমিক হিসেবে ক্ষতিপূরণ নাও পেতে পারি।
- বিমা** আমি অবগত আছি যে, DPSCD আমাকে আমার আঘাত, অসুস্থতা, মৃত্যু বা সম্পত্তির ক্ষয়ক্ষতি মেডিকেল, স্বাস্থ্য, বা পঙ্গু ভাতা বা যেকোনো প্রকার বিমা সহ আর্থিক বা অন্যান্য সহায়তা প্রদানের দায়দায়িত্ব নেবে না বা দিতে বাধ্য থাকবে না। আমি স্পষ্টভাবে আমার কারণে সৃষ্ট এ ধরনের ক্ষতির বা চিকিৎসার খরচ যা DPSCD প্রদত্ত বিনামূল্যের সেবার বাইরে DPSCD এর পক্ষ থেকে অন্য কোনো ধরনের ক্ষতিপূরণ বা দায়বদ্ধতার দাবী পরিত্যাগ করছি।
- ঝুঁকির দায়দায়িত্ব।** আমি অবগত আছি যে, আমি DPSCD কে যেই পরিষেবা প্রদান করি তার মধ্যে ঝুঁকিপূর্ণ কার্যক্রম থাকতে পারে। আমি যেসব কার্যক্রমে অংশগ্রহণ করবো সেসব ক্ষেত্রে আঘাত বা ক্ষয়ক্ষতির ঝুঁকির দায়দায়িত্ব আমার এবং DPS এর কাজ করতে গিয়ে প্রাপ্ত সকল আঘাত, অসুস্থতা, মৃত্যু, বা সম্পদের ক্ষয়ক্ষতির দায়দায়িত্ব থেকে DPSCD-কে অব্যাহতি দিচ্ছি।
- ছবির মাধ্যমে প্রকাশ।** আমি DPSCD কে DPSCD-এ স্বৈচ্ছাসেবক হিসেবে আমার সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট কর্মকাণ্ডে আমার ফটোগ্রাফ, ছবি, আমার ভিডিও বা অডিও রেকর্ডিং বা DPSCD-এর তৈরি করা আমার প্রতিমূর্তি বিনামূল্যে ব্যবহারের অনুমতি প্রদান করছি।
- বৈষম্য সম্পর্কিত আইনসমূহ।** আমি একজন ব্যক্তির ধর্ম, জাতি, বর্ণ, জাতীয় উৎপত্তি, বয়স, লিঙ্গ, বৈবাহিক অবস্থা, উচ্চতা, ওজন, বা বিকলাঙ্গতার উপর ভিত্তি করে নিয়োগ, শিক্ষা, আবাসন, গণ আবাসন (public accommodation), আইন প্রয়োগকারী সংস্থা বা পাবলিক সার্ভিসে বৈষম্য ও হয়রানি নিষিদ্ধ করা DPSCD-এর নীতিমালার পাশাপাশি স্টেট ও ফেডারেল আইনসমূহ অনুসরণ করতে সম্মতি জানাচ্ছি।
- অন্যান্য।** আমি সম্মতি জ্ঞাপন করছি যে, এই অব্যাহতির উদ্দেশ্যে মিশিগান আইন দ্বারা অনুমোদিত সীমার মধ্যে যতটা সম্ভব বিস্তৃত ও ব্যাপক হবে এবং এই অব্যাহতি মিশিগান আইন দ্বারা নিয়ন্ত্রিত হবে ও ব্যাখ্যা করা হবে। আমি অবগত আছি যে, এই অব্যাহতির কোনো একটি অংশ যদি আদালত কর্তৃক অবৈধ ঘোষণা করা হয় তবে অবশিষ্ট অন্যান্য অংশ বৈধ বলে বিবেচিত হবে এবং কার্যকর থাকবে।

তথ্য প্রাপ্যতা সংক্রান্ত বিবৃতি: আমি এতদ্বারা স্বৈচ্ছাসেবক কাজের জন্য আমার উপযুক্ততা নির্ধারণে, যথাযথ প্রয়োজনীয়তা সাপেক্ষে আমার পূর্ব ইতিহাস তদন্ত করে দেখার জন্য Detroit Public Schools Community District, তার এজেন্ট ও কর্মচারীদেরকে পূর্ণ অনুমোদন এবং সম্মতি প্রদান করছি। আমি বুঝতে পারছি- এ অনুসন্ধানী কাজে কম্পিউটার ডাটাবেস ব্যবহার, বিভিন্ন সূত্রে আমার পরিচিতদের কিংবা নিয়োগকারী কর্তৃপক্ষের সাফল্যকার এবং আপুলের ছাপ গ্রহণ অন্তর্ভুক্ত হতে পারে। আমি জানি যে- আইনগতভাবে এ সকল তথ্য বিধিবদ্ধ উপায়ে গোপন রাখা হলেও একটি সরকারি প্রতিষ্ঠান হিসেবে Detroit Public Schools Community District স্টেট তথ্য অধিকার আইন (FOIA), 1996 পিএ 553 সংশোধনীর অধীনে তা থেকে অব্যাহতি পেতে পারে। আমি আমার সম্পর্কে যেকোনো তথ্য প্রাপ্তি কিংবা সে তথ্য প্রদানের দায় থেকে Detroit Public Schools Community District, তার এজেন্ট ও কর্মচারীদের এবং অন্যান্য সকল তথ্যসূত্রকে অব্যাহতি প্রদান করছি। আমি এ মর্মে পূর্ণ সম্মতি জ্ঞাপন করছি যে- যদি Detroit Public Schools Community District এর কাছে আমি এখানে উপস্থিত প্রশ্নসমূহের উত্তরে কোনো অসত্য কিংবা অসম্পূর্ণ তথ্য প্রদান করেছি বলে তার নিজস্ব বিবেচনায় সেটা প্রতীয়মান হয়, অথবা যদি Detroit Public Schools Community District কোন কারণ দর্শানো ব্যতিরেকে আমাকে স্বৈচ্ছাসেবক পদে অনুমোদন না দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করে, সেক্ষেত্রে Detroit Public Schools Community District কোন নোটিশ প্রদান অথবা এ জাতীয় কোন কার্যধারা অনুসরণ ব্যতীত স্বৈচ্ছাসেবক পদে আমার অংশগ্রহণের আবেদন প্রত্যাখ্যান করতে পারে।

নিচে স্বাক্ষর করার মাধ্যমে, আমি স্বৈচ্ছায় ও সজ্ঞানে এই অব্যাহতি এবং দায়মুক্তি দেওয়ার ক্ষেত্রে আমার বোধগম্যতা এবং অভিপ্রায় প্রকাশ করছি।

স্বাক্ষর

গ্রন্থ/সংগঠন/অধিভুক্ত সংস্থা

তারিখ